দৈনিক ইনকিলাব

তারিখ APR. 04 2000
পৃষ্ঠা ৩ কলাম ২

67

# চট্টগ্রাম ভার্সিটি ভিসির আলোচনার প্রস্তাবকে স্বাগত জানিয়েছে ছাত্রঐক্য

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ অচলাবস্থা নিরসনের লক্ষ্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের আলোচনার প্রস্তাবকে সর্বদলীয় ছাত্রঐক্য স্বাগত জানিয়েছে। গতকাল সোমবার অনুষ্ঠিত ছাত্রঐক্যের এক জরুরী সভায় এই স্বাগত জানানো হয়। সভায় বলা হয়, জনমতকে উপেক্ষা করে পুলিশ লেলিয়ে দিয়ে, সন্ত্রাসীদের দিয়ে বিশ্ববিদ্যালয় চালানোর যে স্বৈরাচারী পন্থা ভিসি সাহেব গ্রহণ করেছিলেন তার ফলেই বিশ্ববিদ্যালয় অচল হয়ে আছে। সে জন্য ছাত্রঐক্য আন্দোলন করছে। অনেকটা বিলম্বে হলেও ভিসি সাহেব যে আলোচনার উদ্যোগ নিয়েছেন তাকে ছাত্রঐক্য স্বাগত জানায়। শিবির সভাপতি মুজিবুর রহমান মঞ্জুর সভাতিত্বে অনুষ্ঠিত জরুরী সভায় মোঃ সেলিম, আবদুল হান্নান, মিয়া মোঃ তৌফিক, সাইফুর রহমান শপথ, আলাউদ্দিন শিকদার, তাজুল ইসলাম, মোস্তাফিজুর রহমান, মাহফুজুল ইসলাম চৌধুরী, সোহরাব হোসেন সোহেল প্রমুখ ছাত্রদল, শিবির, ছাত্র সমাজ, ছাত্র মজলিস, সংগ্রামী ছাত্রঐক্য নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। উল্লেখ্য, অচলাবস্থা নিরসনের লক্ষ্যে গত রবিবার ভাইস চ্যান্সেলর আলহাজ আবদুল মান্নান ছাত্র লীগ, ছাত্র ইউনিয়ন ও ছাত্রফ্রন্টের সঙ্গে বৈঠক করেছেন। আগামী ৪ এপ্রিল ছাত্রদল ও ইসলামী ছাত্র শিবিরের সঙ্গে বৈঠক হওয়ার কথা। সেই আলোচনা ফলপ্রসূ হলেই বিশ্ববিদ্যালয়ের সাড়ে ৩ মাসের অচলাবস্থার অবসান হতে পারে। স্মরণ করা যেতে পারে যে, গত বছর ১৯ ডিসেম্বর ছাত্রলীগ সন্ত্রাসীদের হাতে ২ জন শিবির নেতা খুন হবার পর থেকে সন্ত্রাসীদের গ্রেফতারের দাবীতে ছাত্রঐক্য আন্দোলন করছে। সন্ত্রাসীদের গ্রেফতারের বদলে আন্দোলনরত ৫৪ জন ছাত্রসহ নেতৃবৃন্দকে গ্রেফতার করা হয়। এই ৫৪ জন এখনও কারাগারে রয়েছে।